



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে এক শিক্ষার্থীকে পদক দেওয়া হচ্ছে • প্রথম আলো

## নর্থ সাউথের সমাবর্তনে শিক্ষামন্ত্রী কিছু বিশ্ববিদ্যালয় ন্যূনতম মান অর্জন করতে পারেনি

নিজস্ব প্রতিবেদক •

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, বর্তমানে দেশে বেশকিছু বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ৭১টি হলেও কিছু বিশ্ববিদ্যালয় ন্যূনতম মান অর্জন করতে পারেনি। তবে সবাই মিলিত চেষ্টায় অধিকাংশ বিশ্ববিদ্যালয় উন্নতির পথে অগ্রসর হচ্ছে। এর মধ্যে কিছু বিশ্ববিদ্যালয় সফল হয়েছে।

গতকাল মঙ্গলবার নর্থ সাউথ ইউনিভার্সিটির ১৬তম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। বিশ্ববিদ্যালয় অচার্যের প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী ওই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

রাজধানীর বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ওই সমাবর্তন অনুষ্ঠিত হয়। এ সময় মোট এক হাজার ৯২৮ জন শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করেন মন্ত্রী। এর মধ্যে কৃষী শিক্ষার্থী হিসেবে অচার্যের স্বর্ণপদক পান প্রত্যেক ইসলাম নওয়ার, আহনাফ আহমেদ ও কারাম

কবির মাইশ এবং স্নাতকোত্তর পর্যায়ে প্রিয়াকা মেহরিন মুন্স, তদনিমা আহমেদ ও খোজাইমা ফতেহ আলী জিয়াউজ্জিন। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেন, দেশের ভবিষ্যৎ 'বিনির্মাণে যোগ্য ও দক্ষ মানবসম্পদ তৈরি করতে' বিশ্ববিদ্যালয়গুলো 'গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। নর্থ সাউথ ইউনিভার্সিটি অত্র সময়ের মধ্যে অনেক দূর অগ্রসর হয়েছে। মন্ত্রী গ্যাজেটদের চরিত্রবান, নৈতিক গুণসম্পন্ন, গণতন্ত্রমুখা ও সুনামবিক হিসেবে গড়ে ওঠার আহ্বান জানান।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন কানাডার হাইকমিশনার হিদার জুভেন। বিশ্ববিদ্যালয়টির নবনিযুক্ত উপাচার্য আমিন ইউ সরকারের সভাপতিত্বে সমাবর্তনের প্রথম অধিবেশনে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিভের চেয়ারম্যান এম এ হাশেমসহ ট্রাস্টি বোর্ডের অন্যান্য সদস্য। দ্বিতীয় পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।